

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
ইরেসপো-২য় পর্যায়  
পল্লী ভবন, ৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫


স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০৯৬.২১-৩২৭২

তারিখঃ ০৮/১১/২০২২ খ্রিঃ

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন ইরেসপো-২য় পর্যায় প্রকল্পের কার্যক্রম সঠিক ও স্বচ্ছভাবে বাস্তবায়ন এবং সুফলভোগী সদস্যদের নিয়মিত সেবা প্রদানের বিষয়টি নিশ্চিতকল্পে তদারকির অংশ হিসেবে আগামী ১০/১১/২০২২ খ্রিঃ তারিখ হতে মাঠ পর্যায়ে কর্মরত সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, হিসাব সহকারী ও মাঠ সংগঠকদের প্রকৃত অবস্থান নির্ণয় করা হবে। তাই মাঠ পর্যায়ে কর্মরত কর্মচারীগণ কর্তৃক সার্বক্ষণিক (সাপ্তাহিক ছুটিসহ) কর্মস্থলে উপস্থিতিসহ প্রকল্প হতে সরবরাহকৃত সীমটি সচল রাখা আবশ্যিক। উল্লেখ্য, কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত কর্মস্থল ত্যাগ করা যাবে না। কোন কর্মচারী নিয়মিত কর্মস্থলে উপস্থিতিসহ তাঁর নির্ধারিত সমিতি/সদস্য পর্যায়ে গমন না করলে অথবা সীম বন্ধ রাখার কারণে অবস্থান নিশ্চিত করা সম্ভব না হলে তিনি সঠিকভাবে তাঁর উপর অর্পিত দায়িত্ব পালন করছেন না মর্মে বিবেচিত হবেন। এ সকল কর্মচারীদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে বেতনভাতা কর্তন/স্বগিতসহ প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

২। মাসিক ৫০০.০০ টাকা হারে বেতনভাতা/সম্মানীভাতা খাত হতে পরিশোধের শর্তে প্রকল্প হতে সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা ও মাঠ সংগঠকদের মোবাইল ফোন/ট্যাব প্রদানের বিষয়টি সক্রিয় বিবেচনাধীন রয়েছে।

  
মোহাম্মদ রাশেদুন আলম  
প্রকল্প পরিচালক

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ-----, জেলাঃ-----।
২. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা/হিসাব সহকারী/মাঠ সংগঠক, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ-----, জেলাঃ-----।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ -----।

সদস্য অবগতির জন্যঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (প্রশাসন/সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৩. অফিস নথি।